**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# বিচার ব্যবস্থা দ্বারা প্রভাবিত হওয়া একজন ব্যক্তির মালিকানাধীন নিউ ইয়র্কের প্রথম গাঁজা ডিসপেনসারির উদ্বোধন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***ম্যানহাটনে 24 জানুয়ারি তারিখের এই উদ্বোধননিউ ইয়র্কস্টেটের গাঁজা শিল্পের জন্য একটি প্রধান মাইলফলক***

***নিউ ইয়র্ক ক্যানাবিস সোশ্যাল ইক্যুইটি ইনভেস্টমেন্ট ফান্ডের সহযোগিতায়, এই ডিসপেনসারি ফাস্ট-ট্র্যাকের মাধ্যমে বিক্রয়ের সুযোগ প্রদান করে এবং লাইসেন্স-গ্রহণকারীদের জন্য প্রাথমিক মূলধন গড়ে তোলে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্ক স্টেটের প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের জন্য শর্তসাপেক্ষ প্রথম খুচরা ডিসপেনসারির লাইসেন্সটি একজন উদ্যোক্তার মালিকানায় যাচ্ছে যিনি আগে গাঁজার ওপর নিষেধাজ্ঞার কারণে অপরাধী সাব্যস্ত হয়েছিলেন এবং নিউ ইয়র্ক সোশ্যাল ইক্যুইটি ক্যানাবিস ইনভেস্টমেন্ট ফান্ডের সহায়তা পাচ্ছেন, এই ডিসপেনসারি মঙ্গলবার 24 জানুয়ারি সকাল 10:00 টায় ম্যানহাটনের 144 ব্লিকার স্ট্রিটে খোলা হবে। এই দোকানটি খোলার মাধ্যমে নিউ ইয়র্কের গাঁজার লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সুবিচারের লক্ষ্যসমূহকে এগিয়ে নিতে সাহায্য করবে, যা বিচার ব্যবস্থার কারণে প্রভাবিত হওয়া ব্যক্তিদের লাইসেন্স প্রদানকে অগ্রাধিকার দেয়, যারা গাঁজা সেবনের কারণে দণ্ডিত হয়েছেন বা যাদের কোনো নিকটাত্মীয় গাঁজা সেবনের কারণে দণ্ডিত হয়েছেন।

"এই ডিসপেনসারিটি আমাদের প্রচেষ্টার সর্বশেষ উদাহরণ যা দেশের সবচেয়ে ন্যায়সঙ্গত এবং অন্তর্ভুক্তিমূলক গাঁজা শিল্প গড়ে তুলবে" **বলেছেন গভর্নর হোকল।** "যেহেতু আমরা অতীতের ভুল সংশোধনের জন্য কাজ চালিয়ে যাচ্ছি, তাই আমি নতুন ডিসপেনসারিগুলির জন্য অপেক্ষা করছি - যেগুলোর মালিক হবেন সেসব ব্যক্তিরা যারা গাঁজা নিষিদ্ধকারী আইনের মাত্রাতিরিক্ত ব্যবহারের কারণে সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছেন - এসব ডিসপেনসারি শীঘ্রই খোলা হবে।"

স্ম্যাকড এলএলসি (Smacked LLC) নামক ডিসপেনসারিটি 20 ফেব্রুয়ারি থেকে "পপ-আপ" হিসেবে সফট ওপেনিং এর মাধ্যমে রোল্যান্ড কনারের মালিকানাধীন এবং তার দ্বারা পরিচালিত হবে। এই তহবিলের সহায়তায় অন্যান্য প্রাথমিক ডিসপেনসারিগুলির মতো, এটি লাইসেন্সধারীদের স্বল্পমেয়াদী ভিত্তিতে ফাস্ট-ট্র্যাকের মাধ্যমে বিক্রয় করার এবং তাদের ব্যবসা

প্রতিষ্ঠানগুলোর জন্য মূলধন তৈরির সুযোগ প্রদান করবে, যার পরে তারা চূড়ান্ত নির্মাণের জন্য বন্ধ হয়ে যাবে এবং তারপর দীর্ঘমেয়াদী ভিত্তিতে পুনরায় খুলতে পারবে।

এই পপ-আপ কর্মসূচি পুরোপুরি কার্যক্রম শুরু করার আগে আগে অপারেটরকে প্রাথমিক প্রশিক্ষণের সুযোগ দেওয়ার জন্য ডিজাইন করা হয়েছে, এবং এটি গাঁজা সাপ্লাই চেইনের সাথে জড়িত সব ব্যবসাকে লাভবান করবে, যার মধ্যে রয়েছে সেসব কৃষক যাদের কাছে বিতরণের জন্য গাঁজা প্রস্তুত রয়েছে, সেসব প্রস্তুতকারক যারা গাঁজা থেকে অন্য ধরনের পণ্য তৈরি করছে, ডিস্ট্রিবিউটর, এবং খুচরা অপারেটররা, এবং ভোক্তারা, যারা এমন অপেক্ষাকৃত নিরাপদ পণ্যের অ্যাক্সেস পেতে চান যেগুলোর উপর তারা আস্থা রাখতে পারবেন।

এই লাইসেন্স পাওয়ার আগে, রোল্যান্ড কনার পনের বছর ধরে নিউ ইয়র্ক সিটিতে সম্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত ব্যবসা প্রতিষ্ঠানের মালিক ছিলেন এবং সেগুলো পরিচালনার দায়িত্ব পালন করেছেন। তিনি বর্তমানে ব্রঙ্কসে দুই ডজন পুরুষের জন্য আশ্রয় প্রদানকারী একটি অস্থায়ী আবাসন ফ্যাসিলিটি পরিচালনা করছেন। মি. কনার তার ছেলে এবং স্ত্রীকে সঙ্গে নিয়ে স্ম্যাকড LLC চালু করতে যাচ্ছেন। তার লাইসেন্সের জন্য আবেদন করার সময়, মি. কনার ব্রঙ্কস ক্যানাবিস হাব (Bronx Cannabis Hub)-এর কাছ থেকে সহায়তা পেয়েছিলেন, যেটি ব্রঙ্কস ডিফেন্ডার্স (Bronx Defenders) এবং ব্রঙ্কস কমিউনিটি ফাউন্ডেশন (Bronx Community Foundation) কর্তৃক CAURD লাইসেন্সের প্রথম রাউন্ডের জন্য আবেদনকারী ব্যক্তিদেরকে সহায়তা করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল।

**মি. রোল্যান্ড কনার বলেন,** "নিউ ইয়র্ক সিটিতে একটি বৈধ গাঁজা বিক্রি করার ডিসপেনসারি চালু করা প্রথম ব্যক্তি হিসেবে ইতিহাসের অংশ হয়ে উঠতে পেরে আমি অত্যন্ত উচ্ছসিত।" গাঁজা নিয়ে আমার অভিজ্ঞতা বিবেচনায়, আমি কখনোই ভাবতে পারতাম না যে আমি এমন একটি দোকান খুলবো। আমার ছেলে এবং স্ত্রীকে সঙ্গে নিয়ে একটি ব্যবসা প্রতিষ্ঠান চালু করতে পারা এবং এখানে নিউ ইয়র্কে থেকে একসঙ্গে কাজ করার মাধ্যমে প্রজন্মের সম্পদ গড়ে তোলার সুযোগ পাওয়ায় আমি কৃতজ্ঞ। কিন্তু এটি শুধু আমার এবং আমার পরিবারের ব্যাপার নয়। এটি অতীতের নির্দয় মাদক আইন দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া প্রত্যেকের ব্যাপার। আইনের মাধ্যমে সেই ভুলগুলো সংশোধন করার জন্য নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতা অনুপ্রেরণাদায়ক। আমি সেই অঙ্গীকারাবদ্ধতার প্রমাণ কারণ আমি আজ এখানে দাঁড়িয়ে আছি।"

**রিপ্রেজেন্টেটিভ ড্যান গোল্ডম্যান বলেন,** "ক্রিমিনাল জাস্টিস সিস্টেমের দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিদের জন্য সুযোগগুলোকে অগ্রাধিকার দেওয়ার জন্য নিউ ইয়র্ক সোশ্যাল ইক্যুইটি ক্যানাবিস ইনভেস্টমেন্ট ফান্ড প্রতিষ্ঠা করায় আমি গভর্নর হোকল এবং স্টেটের কর্মকর্তাদেরকে সাধুবাদ জানাই। আজকের ঘোষণাটি দেখায় যে গাঁজা সংক্রান্ত শাস্তিমূলক আইনের অসম প্রয়োগের কারণে বৈষম্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোতে কর্মসংস্থান এবং সুযোগ-সুবিধা তৈরি করার জন্য নিউ ইয়র্কবাসীরা অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

**স্টেট সিনেটর লিজ ক্রুগার বলেন,** "আইনজীবীদের কয়েক বছর ধরে কাজ করার পরে, প্রাপ্তবয়স্কদের জন্য খুচরা গাঁজা বিক্রি করার বাজার অবশেষে বাস্তব রূপ নিতে শুরু করেছে এবং এই কাজে সমতা ও মাদকের বিরুদ্ধে ব্যর্থ যুদ্ধের ক্ষতি সারিয়ে তোলার প্রতি জোর দেওয়া

হচ্ছে বলে দেখতে পাওয়া অত্যন্ত সন্তোষজনক একটি ব্যাপার। নিউ ইয়র্কবাসীরা এখন একটি নিরাপদ, টেকসই এবং ক্রমবর্ধমান গাঁজা বিক্রির বাজারে অ্যাক্সেস পাচ্ছেন যেটির মূলে রয়েছে সামাজিক সমতার জন্য অঙ্গীকারাবদ্ধতা। আমি মি. কনারের ব্যবসায় সৌভাগ্য কামনা করছি এবং অদূর ভবিষ্যতে আরো অনেক দোকান খুলতে দেখার প্রত্যাশা রাখি।"

**অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা, ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "যখন আমরা গাঁজা নিয়ন্ত্রণ ও ট্যাক্সেশন আইন (Marijuana Regulation & Taxation Act) পাশ করেছিলাম, তখন আমরা স্টেটকে সমতা কেন্দ্রিক একটি নতুন গাঁজা শিল্প গড়ে তোলার পথে এগিয়ে নিচ্ছিলাম, যে শিল্পটি অতীতের ক্ষতিগুলো সারিয়ে তুলতে কাজ করবে। একজন সামাজিক ও অর্থনৈতিক ইকুইটি লাইসেন্সধারীর মালিকানাধীন এবং নিউ ইয়র্ক ক্যানাবিস সোশ্যাল ইক্যুইটি ইনভেস্টমেন্ট ফান্ডের সহযোগিতায় এই শর্তসাপেক্ষ প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের জন্য খুচরা ডিসপেনসারি খোলার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সেই প্রতিশ্রুতি অনুসরণ করে চলেছে দেখে আমি গর্বিত।"

**অ্যাসেম্বলি সদস্য ডেবোরা জে. গ্লিক বলেন,** "আমি খুবই আনন্দিত যে আমি যে ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করছি সেটি নিউ ইয়র্ক স্টেটে শর্তসাপেক্ষে পরিচালিত প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের জন্য খুচরা ডিসপেনসারির লাইসেন্সপ্রাপ্ত একজন ব্যক্তির মালিকানাধীন এবং তার দ্বারা পরিচালিত প্রথম ডিসপেনসারির আবাসস্থল হবে। আমি মারিজুয়ানা রেগুলেশন অ্যান্ড ট্যাক্সেশন অ্যাক্ট দ্বারা নির্ধারিত লক্ষ্যগুলি বাস্তবায়ন করার সাথে সাথে কমিউনিটির সাথে তাদের সুচিন্তিত সম্পৃক্ততার জন্য এবং তাদের নেতৃত্বের জন্য অফিস অফ ক্যানাবিস ম্যানেজমেন্ট এবং মি. রোল্যান্ড কনারকে সাধুবাদ জানাই৷ পূর্ববর্তী গাঁজা নিষেধাজ্ঞার মাধ্যমে সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া ব্যক্তিদের জন্য সুবিচার নিশ্চিত করার দিকে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

**DASNY-এর প্রেসিডেন্ট ও CEO রুবেন ম্যাকড্যানিয়েল III বলেন,** "এই উদ্ভাবনী ব্যবসায়িক ডিজাইনটি দেখায় যে কিভাবে সরকারি ও বেসরকারি খাতগুলি কৃষ্ণাঙ্গ ও বাদামি কমিউনিটিগুলোর মধ্যে আন্তঃপ্রজন্মের সম্পদের সুযোগ তৈরি করতে এবং গভীরভাবে গ্রথিত ঐতিহাসিক অবিচারের সমাধান করতে একসাথে কাজ করতে পারে। এটি সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে সুযোগ তৈরি করার জন্য গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে কাজ করবে, যেখানে আরো নতুন সুযোগ যোগ হবে৷ আমাদেরকে আজকের এই দিনে নিয়ে আসার জন্য আমি এই তহবিলের প্রতি কৃতজ্ঞ, এবং সেইসাথে DASNY এবং CBRE-এ আমাদের সহকর্মীদের প্রতি কৃতজ্ঞ যারা অমূল্য সহায়তা এবং দক্ষতা প্রদান করেছেন।"

**ক্যানাবিস কন্ট্রোল বোর্ডের সভাপতি ট্রেমেইন রাইট বলেন,** "এই ধরনের মালিকানা সহ ডিসপেনসারিগুলি একটি ন্যায়সঙ্গত গাঁজা শিল্প প্রতিষ্ঠার জন্য স্টেট জুড়ে জাতিকে নেতৃত্ব প্রদানকারী একটি মডেল তৈরি করার প্রতি আমাদের প্রতিশ্রুতির উদাহরণ তুলে ধরে যা গাঁজার প্রতি নিষেধাজ্ঞার অসম প্রয়োগের ফলে সৃষ্ট ক্ষতিগুলিকে দূর করতে কাজ করে। গভর্নর হোকল এবং আইনসভার অবিচল সমর্থন ছাড়া আমরা এই পর্যন্ত আসতে পারতাম না এবং আমাদের স্টেটের গাঁজা সংক্রান্ত আইনের লক্ষ্যগুলির সাথে সামঞ্জস্য রেখে এই খাতের এগিয়ে যাওয়া এবং প্রবৃদ্ধি দেখতে পেয়ে আমি আনন্দিত৷"

**অফিস অব ক্যানাবিস ম্যানেজমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর ক্রিস আলেকজান্ডার বলেন,** "গত বছর যখন গভর্নর হোকল সিডিং অপর্চুনিটি ইনিশিয়েটিভ চালু করেছিলেন, তখন নিউ ইয়র্ক এই শিল্পটিকে প্রাধান্য দিবে বলে প্রতিশ্রুতি দিয়েছিল সেসব ব্যক্তিদের নিয়ে যারা পারিবারিকভাবে কৃষক এবং যারা গাঁজার নিষেধাজ্ঞা দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছিল। আমরা সেই প্রতিশ্রুতি পালন করছি এবং ভোক্তারা আস্থা রাখতে পারেন এমন নিরাপদ পণ্যগুলি নিয়ে বৈধ বাজার খুলছি।"

**এই তহবিলের সাধারণ অংশীদার সোশ্যাল ইক্যুইটি ইমপ্যাক্ট ভেঞ্চার্স (Social Equity Impact Ventures)-এর প্রিন্সিপাল উইলিয়াম থম্পসন বলেন**, "এই সরকারি-বেসরকারি-অংশীদারিত্ব (Public-Private-Partnership, PPP) একটি বৃহৎ দায়িত্ব এবং একটি নতুন ও অনন্য কাঠামোর প্রতিনিধিত্ব করে যা এই দেশে আগে কখনো দেখা যায়নি। স্টেট পর্যায়ের নেতৃবৃন্দ ঠিক সেই কাজটিই করতে চেয়েছিলেন এবং তারা সেটা অর্জন করতে পেরেছেন। এই তহবিল হাজার হাজার স্থান মূল্যায়ন করা; সব লিজের জন্য সমঝোতা, ব্যবস্থাপনা ও লিজ গ্রহণের কাজে অংশগ্রহণ; নকশা অনুযায়ী স্থানের নির্মাণ কাজ তত্ত্বাবধান করা; এবং পৃথক পৃথক স্টোরের অপারেটরদেরকে সহায়তা করার জন্য কার্যকর প্রশিক্ষণ ও কার্যপরিচালনার কর্মসূচি বাস্তবায়ন করার ক্ষেত্রে নেতৃস্থানীয় ভূমিকা পালন করছে।"

**ব্রঙ্কস কমিউনিটি ফাউন্ডেশনের সহ-প্রতিষ্ঠাতা ডেসমন লুইস বলেন,** "গত বছর দ্য ব্রঙ্কস ডিফেন্ডার্স-এর সঙ্গে মিলে দ্য ব্রঙ্কস ক্যানাবিস হাব তৈরি করার সময় আমরা যেমন ব্যক্তিকে সহায়তা করতে চাচ্ছিলাম, রোল্যান্ড কনার ঠিক সেই ধরনের ব্যবসা প্রতিষ্ঠানের মালিক এবং কমিউনিটি নেতা। নিউ ইয়র্কের বৈধকরণ আইন অপরাধ হিসেবে বিবেচিত হওয়ার দশকগুলোতে ভুক্তভোগী হওয়া ব্যক্তিদের ও কমিউনিটিগুলোর জন্য কর্মসংস্থান এবং সুযোগ-সুবিধা নিয়ে আসার প্রতিশ্রুতি দিয়েছে। আমরা জানি বিনিয়োগ ও সহায়তা ছাড়া এসব প্রতিশ্রুতি বাস্তবে পরিণত হবে না। এই নতুন গাঁজা শিল্পে প্রবেশ করার জন্য তাদের প্রয়োজনীয় সাহায্য পাওয়ার জন্য, নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটের সব স্থান থেকে কমিউনিটি সদস্যরা ব্রঙ্কসে এসে একত্রিত হওয়া একটি যথার্থ ব্যাপার, এটি এমন একটি কমিউনিটি যেটি গাঁজা নিষিদ্ধকরণের ফলে অন্য সব কমিউনিটির চেয়ে বেশি প্রভাবিত হয়েছিল।"

**দ্য ব্রঙ্কস ক্যানাবিস হাবের ডিরেক্টর প্যাট্রিক এডওয়ার্ড বলেন,** "মি. কনার যা অর্জন করেছেন তা শুধু তার নিজের দৃঢ়সংকল্প ও চরিত্রের দৃঢ়তারই নয়, বরং তার মূল্যবোধগুলোর প্রমাণ। ক্ষুদ্র ব্যবসার একজন মালিক হিসেবে, মি. কনার ইতোমধ্যে তার সঙ্গী নিউ ইয়র্কবাসীদেরকে এমন এক সময়ে জরুরি ও অস্থায়ী আবাসন খুঁজে নিতে সাহায্য করছেন যখন বাড়ি ভাড়া এবং বাড়ি থেকে বহিষ্কার হওয়ার সংখ্যা তীব্রভাবে বৃদ্ধি পেয়েছে। এখন, মি. কনারের সফলতা দীর্ঘ সময় ধরে আমাদের ব্যর্থ মাদক আইন ও নীতিমালার দ্বারা উপেক্ষিত আন্তঃপ্রজন্মের সম্পদ গড়ে তোলার জন্য নতুন গাঁজার বাজারের সম্ভাবনাকে দেখিয়ে দিচ্ছে। আমরা গর্বিত যে এই হাব মি. কনারকে সহায়তা করতে পারছে এবং আমরা আরো বহু নিউ ইয়র্কবাসীকে তার মতো একই সফলতা অর্জন করতে সাহায্য করার প্রত্যাশা রাখি।"

**দ্য ব্রঙ্কস ডিফেন্ডার্স-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জাস্টিন ওল্ডারম্যান বলেন,** "দ্য ব্রঙ্কস ডিফেন্ডার্স নিউ ইয়র্ক স্টেটের জন্য এমন একটি ঐতিহাসিক মাইলফলকের অংশ হতে পেরে

গর্বিত। আমরা একটি লক্ষ্যকে মাথায় রেখে এই হাবটি চালু করেছি: গাঁজা নিষিদ্ধকরণের দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিরা এটির বৈধকরণের ফলে সবচেয়ে বেশি উপকৃত হবেন বলে নিউ ইয়র্কের অঙ্গীকার পূরণ করা। স্টেটকে অবশ্যই এই হাবের মতো উদ্যোগগুলোতে বিনিয়োগ ও সহায়তা করা চালিয়ে যাওয়ার মাধ্যমে এই গতিশীলতা ধরে রাখতে হবে। মাদকের বিরুদ্ধে যুদ্ধের ঐতিহ্যকে নতুন করে লেখার সময় এসেছে।"

এই অবস্থান এই তহবিলের পৃষ্ঠপোষকতায় পরিচালিত কর্মসূচির অংশ, যেটি ডরমিটরি অথরিটি অব দ্য স্টেট অব নিউ ইয়র্ক (Dormitory Authority of the State of New York, DASNY)-এর একটি সাবসিডিয়ারি, সোশ্যাল ইক্যুইটি সার্ভিসিং কর্পোরেশন (Social Equity Servicing Corporation, SESC)-এর সঙ্গে মিলে CAURD লাইসেন্সের অধীনে পরিচালিত ক্যানাবিস ডিসপেনসারিগুলোর জন্য স্থান অধিগ্রহণ, নকশা প্রণয়ন, নির্মাণকাজ সম্পন্নকরণ, এবং বাহ্যিক সাজসজ্জা প্রস্তুতকরণের কাজে সহায়তা করতে কাজ করছে। গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভার দ্বারা অনুমোদিত, দ্য ফান্ড হচ্ছে একটি সরকারি-বেসরকারি সীমাবদ্ধ অংশীদারিত্ব যেটি সোশ্যাল ইক্যুইটি উদ্যোক্তাদেরকে নিউ ইয়র্কের নতুন তৈরি হওয়া প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা শিল্পে সফলতা অর্জনের অবস্থানে নিয়ে যাওয়ার জন্য গঠন করা হয়েছে। সোশ্যাল ইক্যুইটি ইমপ্যাক্ট ভেঞ্চার্স-এর ব্যবস্থাপনাধীন, দ্য ফান্ড বিচার ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত স্বতন্ত্র CAURD লাইসেন্সধারীদেরকে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা খুচরা বিক্রি করা ডিসপেনসারিগুলো প্রতিষ্ঠা করার খরচ বহন করতে সাহায্য করবে, যার মধ্যে খুচরা দোকানের জন্য উপযুক্ত জায়গাগুলো শনাক্ত করা এবং লিজ নেওয়া ও নকশা প্রণয়ন করা, নির্মাণকাজ সম্পন্ন করা, এবং জায়গাটির বাহ্যিক সাজসজ্জা সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে। লাইসেন্সিং ফি এবং প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা শিল্প থেকে প্রাপ্ত রাজস্ব থেকে 50 মিলিয়ন ডলার পর্যন্ত এবং দ্য ফান্ডের ম্যানেজারের মাধ্যমে বেসরকারি খাত থেকে উত্তোলন করা 150 মিলিয়ন ডলার পর্যন্ত অর্থায়নের মাধ্যমে এটিকে সহায়তা করা হবে। দ্য ফান্ড সম্পর্কে আরো তথ্য জানতে এখানে ক্লিক করুন।

এখন পর্যন্ত, CAURD লাইসেন্সধারীদের জন্য কয়েকটি স্থান লভ্য হয়েছে এবং প্রাথমিক নকশা প্রণয়ন ও নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত হয়েছে। দ্য ফান্ড চলমান ভিত্তিতে এসব স্থানের কথা ঘোষণা করবে

CAURD লাইসেন্স নিউ ইয়র্ক স্টেটের সিডিং অপরচুনিটি ইনিশিয়েটিভের একটি কেন্দ্রীয় স্তম্ভ। এই উদ্যোগের মাধ্যমে, নিউ ইয়র্কের প্রথম বৈধ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের খুচরা ডিসপেনসারিগুলো গাঁজা নিষিদ্ধকরণ আইন প্রয়োগের ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিদের দ্বারা অথবা সাবেক কারারুদ্ধ ব্যক্তিদেরকে সহায়তা করার জন্য সেবা প্রদানকারী অলাভজনক সংস্থাগুলোর দ্বারা পরিচালিত হবে। এসব ডিসপেনসারি নিউ ইয়র্কের কৃষকদের উৎপাদিত গাঁজা থেকে তৈরি পণ্যগুলো বৈধভাবে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য বিক্রি করবে।

উপযুক্ত হওয়ার জন্য, আবেদনকারীদেরকে অবশ্যই হয় নিজেকে গাঁজা রাখার জন্য দোষী সাব্যস্ত হয়েছেন এমন ব্যক্তি, অথবা দোষী সাব্যস্ত হওয়া কোনো ব্যক্তির পরিবারের ঘনিষ্ঠ সদস্য হতে হবে, এবং কমপক্ষে দুই বছর ধরে নেট মুনাফা অর্জন করেছে এমন কোনো ব্যবসার বর্তমান বা সাবেক মালিক হতে হবে। অলাভজনক সংস্থাগুলো CAURD লাইসেন্স পাওয়ার জন্য

উপযুক্ত হবে যদি সেগুলোর বর্তমান বা সাবেক কারারুদ্ধ ব্যক্তিদের সেবা প্রদান করার ইতিহাস থাকে, যেমন সেসব ব্যক্তিদের জন্য কারিগরি শিক্ষা অর্জনের সুযোগ-সুবিধা তৈরি করা; বিচার ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত কমপক্ষে একজন বোর্ড সদস্য থাকে; কমপক্ষে পাঁচজন পূর্ণকালীন কর্মচারী থাকে; এবং কমপক্ষে দুই বছর ধরে মুনাফা বা নেট সম্পদ অর্জন করেছে এমন কোনো সামাজিক ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন